# টিআইবি-চাঁদপুর কন্ঠ-সিডিএম বিতর্ক প্রতিযোগিতা

প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের নিয়ে বিতর্ক প্রতিযোগিতার যাত্রা শুরু হলো চাঁদপুর থেকে। আর এ আয়োজনটি করেছে টিআইবি, চাঁদপুর কণ্ঠ ও সিডিএম। প্রতিযোগিতার নামকরণ করা হয়েছে *টিআইবি-চাঁদপুর কণ্ঠ-সিডিএম প্রথম চাঁদপুর প্রাথমিক বিতর্ক প্রতিযোগিতা* - ২০১২। ছয়টি বিদ্যালয়ের আটটি দলের অংশগ্রহণের মধ্য দিয়ে ১৫ জানুয়ারি চাঁদপুর রোটারী ভবনে এই বিতর্ক প্রতিযোগিতা শুরু হয়। ৪ ফেব্রুয়ারি চাঁদপুর প্রেসক্লাব মিলনায়তনে তুমুল প্রতিদ্বন্দ্বীতার মধ্য দিয়ে ফাইনাল পর্বটি অনুষ্ঠিত হয়। সিডিএম এর সভাপতি হাবিবুর রহমান পাটওয়ারির উপস্থাপনায় সনাক চাঁদপুরের সভাপতি কামরুজ্জামান চৌধুরীর সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ইয়েস গ্রুপের সহ-দলনেতা আসমা আক্তার আখি, শুভেচ্ছা বক্তব্য রাখেন ইয়েস গ্রুপের দলনেতা মোঃ ইলিয়াছ মজুমদার সুমন। এছাড়াও বক্তব্য রাখেন




সিডিএম এর উপদেষ্টা প্রকৌঃ মোঃ দেলোয়ার হোসেন, সিডিএম'র উপদেষ্টা, সনাক চাঁদপুরের সহ-সভাপতি, চাঁদপুর প্রেসক্লাবের সভাপতি ও চাঁদপুর কণ্ঠের প্রধান সম্পাদক কাজী শাহাদাত, বিতার্কিকদের মধ্য থেকে মারিয়া মারজানা ও শিক্ষিকা নাজমা রহমান। এরপর সিডিএম এর প্রতিষ্ঠাতা সভাপতি ইবনে আজম সাব্বির প্রতিযোগিতার উদ্বোধন ঘোষণা করেন। প্রতিযোগিতায় বিতর্কের বিষয় ছিল *'শুধুমাত্র দুর্নীতিমুক্ত থাকলেই মানুষের মতো মানুষ হওয়া যায়'*। বিতর্কের পক্ষ দল ছিল আদর্শ শিশু নিকেতন-হাইমচর এবং বিপক্ষ দল ছিল হাসান আলী মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়। বিতর্কে জয় লাভ করে হাসান আলী মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়। শ্রেষ্ঠ বক্তা হয় একই বিদ্যালয়ের আসিফা বিনতে হারুন। প্রতিযোগিতায় বিচারকের দায়িত্ব পালন করেন মতলব ডিগ্রি কলেজের প্রভাষক ও সিডিএম এর উপদেষ্টা আইনুন নাহার কাদরী, সিডিএম এর উপদেষ্টা ও বিশিষ্ট চিকিৎসক ডাঃ পীযুষ কান্তি বড়ুয়া, সিডিএম এর উপদেষ্টা ও ফরিদগঞ্জ বঙ্গবন্ধু ডিগ্রি কলেজের অধ্যাপক রাধেশ্যাম কুরী। মডারেটর ছিলেন সিডিএম এর সাধারণ সম্পাদক নাজিয়া আহমেদ পিকসী।

বিতর্ক শেষে আলোচনা অনুষ্ঠানে সিডিএম এর প্রতিষ্ঠাতা সভাপতি ইবনে আজম সাব্বিরের উপস্থাপনায় সনাক চাঁদপুরের সভাপতি কামরুজ্জামান চৌধুরীর সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন চাঁদপুর চেম্বার্স অব কমার্সের সভাপতি ব্যাসিক ব্যাংকের পরিচালক জাহাঙ্গীর আখন্দ সেলিম। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন সিডিএম'র উপদেষ্টা, সনাক চাঁদপুরের সহ-সভাপতি, চাঁদপুর প্রেসক্লাবের সভাপতি ও চাঁদপুর কণ্ঠের প্রধান সম্পাদক কাজী শাহাদাত, শুভেচ্ছা বক্তব্য রাখেন আদর্শ শিশু নিকেতন হাইমচরের পরিচালক মাজহারুল ইসলাম শফিক, হাসান আলী মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হাফেজ আহমেদ। আলোচনা অনুষ্ঠান শেষে পুরস্কার বিতরণ অনুষ্ঠানটি পরিচালনা করেন সিডিএম এর সভাপতি ও ইয়েস গ্রুপের সাবেক দলনেতা হাবিবুর রহমান পাটওয়ারি।